# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৫১

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আমরা পূর্বে বর্ণিত ইমাম শু‘বাহ বর্ণিত হাদীসের যে ব্যাখ্যা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণকারী হাদীস

ذكر الخبر الدال على صحة ما تأولت خَبَرَ شُعْبَةَ الَّذِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهُ

---

আরবী

3651 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَبِي عُثْمَانَ: أَنَّ أَبَا هُرَيْرَةَ كَانَ فِي سَفَرٍ فَلَمَّا نَزَلُوا وَوُضِعَتِ السُّفْرَةُ بَعَثُوا إِلَيْهِ وَهُوَ يُصَلِّي فَقَالَ: إِنِّي صَائِمٌ فَلَمَّا كَادُوا أَنْ يَفْرُغُوا جَاءَ فَجَعَلَ يَأْكُلُ فَنَظَرَ الْقَوْمُ إِلَى رَسُولِهِمْ فَقَالَ: مَا تَنْظُرُونَ إِلَيَّ قَدْ - وَاللَّهِ - أَخْبَرَنِي أَنَّهُ صَائِمٌ فَقَالَ أَبُو هُرَيْرَةَ: صَدَقَ سَمِعْتُ رَسُولَ الله صلى الله عليه وسلم يقول: (من صَامَ ثَلَاثَةَ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ فَقَدْ صَامَ الشَّهْرَ كُلَّهُ) وَقَدْ صُمْتُ ثَلَاثَةَ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ وَإِنِّي الشَّهْرَ كُلَّهُ صَائِمٌ وَوَجَدْتُ تَصْدِيقَ ذَلِكَ فِي كِتَابِ اللَّهِ جَلَّ وَعَلَا {مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ أَمْثَالِهَا} [الأنعام: 160].

الراوي : أَبُو عُثْمَانَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3651 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (4/ 99/946).

বাংলা

৩৬৫১. আবূ উসমান থেকে বর্ণিত, তিনি বলেন, “আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু এক সফরে ছিলেন। অতঃপর যখন তারা সফরে যাত্রা বিরতি দেন এবং খাবারের দস্তরখান বিছানো হয়, তখন তারা আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুকে ডাকতে লোক পাঠান। এসময় তিনি সালাত আদায় করছিলেন। অতঃপর তিনি বলেন, “আমি সিয়াম রেখেছি।” অতঃপর লোকজন খাওয়া প্রায় শেষ করেছেন, তখন তিনি আসেন এবং খাওয়া শুরু করেন। তখন লোকজন তাদের বার্তাবাহকের দিকে তাকাতে লাগলো। তখন বার্তাবাহক বললেন, “আপনারা আমার দিকে তাকিয়ে আছেন কেন, আল্লাহর কসম, নিশ্চয়ই তিনি আমাকে জানিয়েছেন যে, তিনি সিয়াম রেখেছেন।” তখন

আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “উনি সত্যই বলেছেন। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যে ব্যক্তি প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম রাখে, সে অবশ্যই (এর মাধ্যমে) পুরো মাস সিয়াম রাখে।” আর আমি প্রত্যেক মাসের তিনটি সিয়াম পালন করেছি। আর নিশ্চয়ই আমি (এর মাধ্যমে) পুরো মাস সিয়াম রেখেছি। আমি এর সত্যায়ন আল্লাহর কিতাবেও পেয়েছি। তিনি বলেছেন, مَنْ جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ أَمْثَالِهَا “যে ব্যক্তি ভালো আমল নিয়ে আসবে, তার জন্য রয়েছে অনুরূপ ১০ প্রতিদান।” –সূরা আনআম: ১৬০ ।”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ৪/২১৮-২১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৯৯/৯৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ ‘উসমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন